

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০২.২০১৯-৬৬

তারিখ ২৩ চৈত্র ২০২৯  
০৬ এপ্রিল ২০২৩

পরিপত্র

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২৬(খ) মোতাবেক ১৭.২ নং দফা অনুযায়ী ২৬ অক্টোবর ২০২২ তারিখে নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০২.২০১৯-৩৬৬ সংখ্যক স্মারকে নতুন কোনো প্রতিষ্ঠান/স্তর এমপিও কোড পাওয়ার পর ব্যক্তি এমপিওর ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র যাচাই বাছাই করার নির্দেশনা রয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীর ব্যক্তি এমপিওভুক্তির সময়ে পূর্বে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীকে বাদ দিয়ে পূর্ববর্তী তারিখ/স্মারক ব্যবহার করে অন্য কোনো শিক্ষক-কর্মচারীকে নিয়োগ দেখিয়ে এমপিওভুক্ত করার অপচেষ্টা চালাচ্ছে।

০২। এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর শিক্ষক-কর্মচারীর ব্যক্তি এমপিওভুক্তির আবেদন যাচাই বাছাইয়ের সময় সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রতিটি ধাপে (উপজেলা/জেলা/অঞ্চল/অধিদপ্তর পর্যায়ে) ২০১৩ সাল থেকে ব্যানবেইসে অনলাইনে সংগৃহীত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ডাটাবেইসে সংরক্ষিত তথ্যাদির সহিত আবশ্যিকভাবে ব্যক্তি এমপিওভুক্তির জন্য দাখিলকৃত তথ্যাদি তুলনামূলক যাচাই বাছাই করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-  
০৩/৪/২০২৩  
(সোলেমান খান)  
সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০২.২০১৯-৬৬

তারিখ ২৩ চৈত্র ২০২৯  
০৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি/কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক..... (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল (সকল)।
৯. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল (সকল)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জেলা শিক্ষা অফিসার..... (সকল)।
১২. উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল)।
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .....(সকল)।
১৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ..... ।
১৫. অফিস কপি।

  
০৬/০৪/২০২৩  
(মোঃ মিজানুর রহমান)  
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল: [nongovt.secondary.sec3@shed.gov.bd](mailto:nongovt.secondary.sec3@shed.gov.bd)